অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জনস্বাস্থ্য রক্ষার জন্য পদক্ষেপ নিয়েছেন এবং রোগীদের সহায়তার জন্য আইনি প্যাকেজে স্বাক্ষর করেন

স্বাস্থ্যসেবার ফলাফল উন্নত করতে S.1196-A/A.1673-A আইনটি স্টেট-রেগুলেটেট ইন্সুরেন্স প্লানস কভার বায়োমার্কার টেস্টিং কভার করে

S.6897/A.7328 আইনটি নার্সিং হোম এবং অন্যান্য আবাসিক স্বাস্থ্যসেবা সুবিধাগুলিতে কর্মী নিয়োগের ঘাটতি পূরণ করতে সহায়তা করবে

S.6641-A/A.7365 আইনটি নির্দিষ্ট বাড়িতে স্বাস্থ্য পরিষেবার জন্য ব্যয়পূরণ প্রদান করে

S.6521/A.3089 আইনটি তাদের স্বাস্থ্য সেবা বা স্বাস্থ্য ইন্সুরেন্স বীমার খরচের জন্য সিস্টিক ফাইব্রোসিসে আক্রান্ত প্রাপ্তবয়স্কদের ব্যয়ভার পূরণের জন্য এডাল্ট সিস্টিক ফাইব্রোসিস পুনঃপ্রতিষ্ঠা করে

S.5890-A/A.2853-B আইনটি দীর্ঘমেয়াদী প্রতিবন্ধিতা সংক্রান্ত বীমা সুবিধাগুলো কমিয়ে আনা থেকে বীমাকারীদের নিষিদ্ধ করার জন্য জীবন বীমাকারীদের ওয়েলনেস প্রোগ্রাম প্রতিষ্ঠার জন্য অনুমোদন প্রদান করে

S.7211/A.7218 আইনটি আবাসিক পরিষেবা সুবিধার ক্ষেত্রে রিপোর্টিং ও সমস্যার সমাধানকে জোরদার করে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটে জনস্বাস্থ্য সুরক্ষার জন্য একটি আইনী প্যাকেজে স্বাক্ষর করেছেন। নতুন ছয়টি আইন স্টেট-নিয়ন্ত্রিত স্বাস্থ্য পরিকল্পনা রোগীদের জন্য স্বাস্থ্যের অবস্থা উন্নত করতে বায়োমার্কার টেস্টিং কভার করার বিষয়টি নিশ্চিত করবে; নার্সিং হোম এবং অন্যান্য আবাসিক স্বাস্থ্যসেবা সুবিধাগুলোতে কর্মীদের ঘাটতি মেটাতে সহায়তা করবে; স্থানীয় কিছু স্বাস্থ্য বিভাগকে প্রশাসনিক ত্রাণ সহায়তা প্রদান করে যা তারা রোগীর বাড়িতে প্রদান করে; সিস্টিক ফাইব্রোসিসে আক্রান্ত প্রাপ্তবয়স্কদের তাদের স্বাস্থ্যসেবা বা স্বাস্থ্য বীমা খরচের জন্য প্রাপ্তবয়স্কদের সিস্টিক ফাইব্রোসিস সহায়তা প্রোগ্রাম পুনঃপ্রতিষ্ঠা করবে; দীর্ঘমেয়াদী অক্ষমতা বীমা সুবিধা কমিয়ে আনা থেকে বীমাকারীদের নিষিদ্ধ করার জন্য জীবন বীমাকারীদের ওয়েরনেস প্রোগ্রাম প্রতিষ্ঠার জন্য অনুমোদন প্রদান করা; কিছু স্থানীয় স্বাস্থ্য বিভাগকে

প্রশাসনিক ত্রাণ প্রদান করা যা তারা রোগীর বাড়িতে প্রদান করে; এবং আবাসিক পরিষেবার সুবিধাগুলিতে রিপোর্টিং এবং সমস্যার সমাধান উন্নত করে তুলবে।

“প্রতিটি নিউ ইয়র্কবাসী একটি নিরাপদ ও স্বাস্থ্যকর জীবনযাপন প্রত্যাশা করে,” **গভর্নর হোকল বলেন।** “স্তন ক্যান্সার পরীক্ষার অ্যাক্সেস সম্প্রসারণ থেকে শুরু করে নার্সিং হোমে কর্মীদের ঘাটতি সমস্যার সমাধান পর্যন্ত এই আইন প্রণয়ন প্যাকেজটি আজ আমাদের জনস্বাস্থ্য ব্যবস্থার সম্মুখীন হওয়া অনেক জটিল সমস্যার সমাধান করে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন, “আমাদের জনস্বাস্থ্য ব্যবস্থা সবার জন্য স্বাস্থ্যের অবস্থার উন্নতিতে জাতিকে নেতৃত্ব দেয় তা নিশ্চিত করতে গভর্নর হোকল প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করে চলেছেন। এসব নতুন আইনের মধ্যে এমন কিছু নিয়ম নীতি রয়েছে যেগুলো আমাদের সবচেয়ে দুর্বল নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করে এমন স্টাফিং চ্যালেঞ্জ মোকাবেলা করতে সাহায্য করবে, বিশেষায়িত স্বাস্থ্যসেবার জন্য প্রয়োজনীয় ব্যয়ভার প্রদান করবে এবং ওয়েলনেস প্রোগ্রাম তৈরি করার জন্য বীমা প্রদানকারীদের অনুমোদন করবে যা বীমাকারীদের দীর্ঘমেয়াদী প্রতিবন্ধিতার ক্ষেত্রে যে সকল বীমা সুবিধা রয়েছে সেগুলোকে কমিয়ে আনতে বাধা প্রদান করে। আমি গভর্নরকে স্টেট যে সকল নিউ ইয়র্কবাসীর জন্য মানসম্পন্ন স্বাস্থ্যসেবার অ্যাক্সেস নিশ্চিত করে চলেছে তা নিশ্চিত করার জন্য ধন্যবাদ জানাই।”

S.1196-A/A.1673-A আইন অনুসারে পরীক্ষাটি চিকিৎসা ও বৈজ্ঞানিক প্রমাণের মাধ্যমে সমর্থিত হলে রোগ নির্ণয়, চিকিৎসা, উপযুক্ত ব্যবস্থাপনা অথবা রোগীর রোগ বা অবস্থার চলমান পর্যবেক্ষণের জন্য বায়োমার্কার টেস্টিং কভার করতে মেডিকেড সহ স্টেট-রেগুলেটেড বায়োমার্কার প্রয়োজন।

স্টেট সেনেটর রোক্সান পারসাউড বলেন, "যেহেতু গবেষণায় দেখা গেছে যে বিভিন্ন ধরনের ক্যান্সার, আর্থ্রাইটিস, পারকিনসন এবং আরো অনেক কিছু সহ এটি বিভিন্ন ধরনের অসুস্থতা এবং ভিন্ন ভিন্ন অবস্থার রোগীদের অবস্থার ব্যাপক উন্নতি ঘটায় তাই বায়োমার্কার টেস্টিং খুব দ্রুতই স্বাস্থ্যসেবার একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে। কয়েক মাসের নিবির প্রচেষ্টার পরে, আমি আনন্দিত যে ছুটিতে যাবার এই সময়টারতেই আমরা আরো লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীকে এই জীবন রক্ষাকারী চিকিৎসার অ্যাক্সেসের উপহার দিতে পারি। আমি এই আইনটিকে আগ্রহের সাথে সমর্থন এবং বাস্তবে সম্ভব করে তোলার জন্য আমার সহযোদ্ধা, অ্যাসেম্বলি মেম্বার পামেলা হান্টার, গভর্নর ক্যাথি হোকল, আমেরিকান ক্যান্সার সোসাইটি এবং অন্যান্য অনেক সংস্থাকে ধন্যবাদ জানাতে চাই৷ যারা স্বীকার করেছিল যে এটি জীবন বাঁচানোর ক্ষেত্রে এক ধরনের সমস্যা সেই সংস্থা এবং ব্যক্তিদের অকুণ্ঠ সমর্থন ছাড়া আমরা আজকের এই কৃতিত্ব উদযাপন করব না। সময়মত রোগ নির্ণয় এবং টার্গেটকৃত চিকিৎসার অ্যাক্সেসে একটি বড় ধরনের প্রচারনা চালানো হয়েছে এবং আমি আমাদের কৃতিত্বের জন্য গর্বিত।"

অ্যাসেম্বলিমেম্বার পামেলা হান্টার বলেন, "যেহেতু চিকিৎসা সক্ষমতা এগিয়ে যাচ্ছে এবং রোগীরা ব্যাপকভাবে উন্নত স্বাস্থ্যের ফলাফল দেখতে শুরু করেছে তাই আমাদের এই নতুন অগ্রগতির সুবিধাগুলোকে যথাসম্ভব ন্যায়সঙ্গত করে তোলার চেষ্টা করা উচিত। বায়োমার্কার পরীক্ষার মাধ্যমে রোগীদের নতুন তথ্যের অ্যাক্সেস থাকবে যা চিকিৎসাকে এমনভাবে পরিচালনা

করবে যা ব্যক্তির জন্য আরো বেশি উপযোগী। এছাড়াও, যেহেতু রোগীদের এমন চিকিৎসা দেওয়া হয় যা পরীক্ষা এবং ত্রুটির সময়কালের মধ্য দিয়ে যাওয়ার পরিবর্তে ফলাফল দেওয়ার সম্ভাবনা বেশি তাই এটি মেডিকেল রিসোর্সগুলোকে সংরক্ষণে সহায়তা করবে। নিউ ইয়র্ক স্টেটে এই বিলটি স্পনসর করতে পেরে আমি গর্বিত এবং এই জীবন রক্ষাকারী পরীক্ষার প্রাপ্যতা উল্লেখযোগ্যভাবে প্রসারিত করার জন্য এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

S.6897/A.7328 আইনটি মহামারীর সাথে যুক্ত স্টাফিং চ্যালেঞ্জ মোকাবেলায় সাহায্য করবে যা নার্সিং হোম সহ স্বাস্থ্যসেবা জুড়ে অস্থায়ী এজেন্সি কর্মীদের ব্যবহার বৃদ্ধি করেছে। এই আইনটি অস্থায়ী এজেন্সি কর্মীদের ব্যবহার কমিয়ে আনা এবং পূর্ণ-সময়ের কর্মীদের ধারাবাহিকতার উপর আরো ভাল ফোকাস রিসোর্সকে উৎসাহিত করার মাধ্যমে আবাসিক স্বাস্থ্যসেবা সুবিধাগুলিতে অস্থায়ী স্টাফিং এজেন্সিগুলোর ব্যবহার কমাতে একটি চার বছরের প্রদর্শনী প্রকল্প স্থাপন করবে।

S.6641-A/A.7365 আইনটি স্থানীয় স্বাস্থ্য বিভাগগুলিকে লাইসেন্সপ্রাপ্ত হোম কেয়ার সার্ভিস এজেন্সির সকল প্রয়োজনীয়তার অধীন না হয়ে বাড়িতে "হালকা স্পর্শ" মূল জনস্বাস্থ্য পরিষেবা প্রদানের অনুমতি দেবে৷

অ্যাসেম্বলিমেম্বার অ্যামি পাউলিন বলেন, “আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থা কোভিডের পরে কর্মশক্তির ঘাটতি এবং আর্থিক সমস্যাগুলোর সাথে সংগ্রাম করার এই সময়টাতেই স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছ থেকে প্রশাসনিক এবং আর্থিক বোঝা থেকে মুক্তি প্রয়োজন। আমি আমাদের স্বাস্থ্য বিভাগ, দক্ষ নার্সিং সুবিধা এবং শেষ পর্যন্ত নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে সমর্থন করার এই বিলসমূহের আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।”

S.6521/A.3089 আইনটি সিস্টিক ফাইব্রোসিস আছে এমন যোগ্য ব্যক্তিদের স্বাস্থ্যসেবা বা স্বাস্থ্য বীমা প্রদানের খরচ পরিশোধ করতে অ্যাডাল্ট সিস্টিক ফাইব্রোসিস সহায়তা প্রোগ্রামকে পুনঃপ্রতিষ্ঠা করে।

স্টেট সেনেটর কেভিন থমাস বলেন, “আমি এই চ্যালেঞ্জিং রোগের সাথে লড়াই করা ব্যক্তিদের তাদের প্রয়োজনীয় সহায়তা জায়গায় অ্যাক্সেস রয়েছে তা নিশ্চিত করার জন্য প্রাপ্তবয়স্ক সিস্টিক ফাইব্রোসিস অ্যাসিসট্যান্স প্রোগ্রাম আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। অযথা আর্থিক বোঝা ছাড়াই তাদের চিকিৎসা সুবিধা পেতে এবং সুস্থতা বজায় রাখতে তাদের স্বাস্থ্যসেবায় খরচের ক্ষেত্রে তাদের ব্যয়ভার পূরণ করে তাদের সক্ষম করে তোলার মাধ্যমে প্রাপ্তবয়স্ক সিস্টিক ফাইব্রোসিসে আক্রান্ত ব্যক্তিদের উপর মানসিক চাপ কমানোর জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।”

অ্যাসেম্বলিমেম্বার স্টেসি ফেফার আমাতো বলেন,“আমরা এই স্মৃতিময় মুহূর্তে বহু বছর ধরে অ্যাডভোকেসি করার পর পৌঁছেছে। এই আইনটি একটি কঠিন প্রক্রিয়াকে প্রবাহিত করে এবং এখন CF-এর সাথে সংগ্রামরত ব্যক্তি এবং পরিবারগুলোকে তাদের প্রাপ্য সংস্থানগুলোতে অ্যাক্সেসের অনুমতি দেবে। এই বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং আমার ডিস্ট্রিক্টের ফক্স পরিবারকে বিশেষ ধন্যবাদ যারা এই ইস্যুটির ক্ষেত্রে অসাধারণভাবে জয়ী

হয়েছেন এবং এই আইনটিকে প্রাণবন্ত করতে এবং নিউ ইয়র্কবাসীদের জীবনকে উন্নত করার জন্য কাজ করছেন।”

যেটির মাধ্যমে কার্যক্রম বা বায়োমেট্রিক ডেটা ট্র্যাক করতে ব্যবহার করা যেতে পারে এবং জীবন বীমা এবং পণ্য বা পরিষেবাগুলোতে ইতিবাচক আচরণগত পরিবর্তনগুলোকে উৎসাহিত করার উদ্দেশ্যে ডিসকাউন্টগুলো ব্যবহার করা যেতে পারে এমন একটি ডিভাইসের খরচ এবং সংশ্লিষ্ট সাবস্ক্রিপশনের জন্য সম্পূর্ণ বা আংশিক ব্যয়ভার নিশ্চিত করতে S.5890-A/A.2853-B আইনটি জীবন বীমাকারীদের জীবন বীমা পলিসি ইস্যুর সাথে একত্রে সুস্থতা কর্মসূচী স্থাপনের জন্য অনুমোদন প্রদান করে৷

অ্যাসেম্বলিমেম্বার ডেমন্ড মিক্স বলেন, “এটা প্রয়োজনীয় একটা বিষয় যে আমাদের কমিউনিটির সদস্যরা প্রয়োজন অনুসারে তাদের স্বাস্থ্য এবং সুস্থতাকে অগ্রাধিকার দিতে সক্ষম হবে। জীবন বীমা শুধুমাত্র একটি নিরাপত্তা জাল নয় বরং প্রতিরোধমূলক পরিষেবার একটি রূপ যা ব্যক্তি এবং তাদের পরিবারকে নিরাপত্তা এবং মানসিক শান্তি প্রদান করে। এই আইনটি নিউ ইয়র্কবাসীদের জীবন বীমা কোম্পানির মাধ্যমে প্রদত্ত সুস্থতা কর্মসূচিতে অংশগ্রহণ করার অনুমতি দেবে এবং পলিসি হোল্ডারদেরকে তাদের জন্য উপলভ্য সুবিধাগুলোর সম্পূর্ণ সুবিধা নিতে সক্ষম করে তোলার পর। আমি সিনেটর ব্রেসলিন, গভর্নর ক্যাথি হোকল, মেম্বার অব দ্য লাইফ ইন্সুরেন্স কাউন্সিল অব নিউ ইয়র্ক (Life Insurance Council of New York, LICONY), আমার স্টেটের সহকর্মী এবং নিউ ইয়র্কের জনগণের কল্যাণে সহায়তা করার জন্য আমাদের তুখোর আইনজীবীদের ধন্যবাদ জানাই।”

S.7211/A.7218 আইনটি দীর্ঘমেয়াদী পরিষেবার তদন্তকারী যিনি অভিযোগ গ্রহণ করেন এবং সেই অভিযোগের যিনি তদন্ত করেন তাদের মধ্যেকার নিয়মিত যোগাযোগ স্থাপন করার মাধ্যমে আবাসিক পরিষেবার সমস্যাগুলোর রিপোর্টিং ও সমাধানের বিষয়টিকে উন্নত করে।

স্টেট সিনেটর কর্ডেল ক্লিয়ার বলেন, "পরিবার সহ আমাদের সিনিয়রগণ এবং তত্ত্বাবধানকারীরা পেশাদারদের কাছ থেকে তথ্য এবং সহায়তার অ্যাক্সেস পাবেন যারা তাদেরকে বোঝেন এবং তাদের পক্ষ হয়ে কার্যকরীভাবে অ্যাডভোকেসি করতে পারার বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা বিষয়। দীর্ঘমেয়াদী পরিষেবা সুবিধার অনেক লোকের জন্য তদন্তকারীই হবেন প্রথম এবং সম্ভবত একমাত্র ব্যক্তি যিনি তাদের সাথে যোগাযোগ করবেন এবং তাদের পক্ষে প্রাসঙ্গিক এজেন্সির সাথে যোগাযোগ করবেন। যদি একবার অম্বুডসম্যান প্রোগ্রাম উপযুক্ত অর্থ বরাদ্দ পায় তাহলে এই হস্তক্ষেপের মাধ্যমে অগণিত জীবন রক্ষা পাবে এবং আমরা কোভিড-19 মহামারী চলাকালীন আমাদের সিনিয়রেরা যে দুঃখজনক মৃত্যুর মুখোমুখি হয়েছিলেন তা এড়াতে পারি। আমি অম্বুডসম্যান প্রোগ্রামের সাথে কাজ করার জন্য অত্যন্ত আগ্রহী যাতে বিভিন্ন ধরনের আইনজীবীদের নিযুক্ত করতে এবং নিয়োগ করতে সাহায্য করতে পারি যারা এই জটিল কাজকে সহায়তা করে যাবে।"

অ্যাসেম্বলিম্যান রন কিম বলেন, "আমি গভর্নর হোকলকে স্টেটের লং টার্ম কেয়ার অম্বুডসম্যান প্রোগ্রাম (LTCOP) এর উন্নতি অব্যাহত রাখতে আমাদের S7211/A7218 আইনে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই। আমাদের সবচেয়ে দুর্বল লোকদের দায়িত্বে থাকা কাজের সুবিধাগুলির তত্ত্বাবধান ও নিরীক্ষণ করার জন্য স্টেটের সক্ষমতা তৈরির দিকে এটি একটি

গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বর্তমান সময়ে অনেক পরিবার এটা ভয় পায় যে নার্সিং হোমগুলো এবং পুনর্বাসন কেন্দ্রগুলো তাদের প্রিয়জনকে অবহেলা করছে। এই পরিবারগুলো একটু সহজে বিশ্রাম নিতে পারে কারন তদন্তকারীরা সাংস্কৃতিক সংবেদনশীলতায় প্রশিক্ষিত এবং অভিযোগগুলো অনুসরণ করার জন্য প্রয়োজনীয় তা নিশ্চিত করে থাকে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন